

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন  
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.brdb.gov.bd](http://www.brdb.gov.bd)




স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.১৫৯.১৩-৭৪২

তারিখঃ ১৩/১০/২০২১খ্রিঃ

বিষয়ঃ বেতনভাতা বাবদ গৃহীত অতিরিক্ত অর্থ সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিভুক্ত খুলনা জেলার পাইকগাছা উপজেলায় অর্জিত আয় না থাকা সত্ত্বেও আর্থিক বিধি লঙ্ঘনপূর্বক ঋণ তহবিল অবক্ষয় করে ২১৯২১১.০০ (দুই লক্ষ উনিশ হাজার দুই শত এগার) টাকা বেতনভাতা বাবদ উত্তোলন করেছেন। অর্জিত আয় না থাকা সত্ত্বেও আর্থিক বিধি লঙ্ঘনপূর্বক বেতনভাতা বাবদ গৃহীত ২১৯২১১.০০ (দুই লক্ষ উনিশ হাজার দুই শত এগার) টাকা আগামী ৩১/১০/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান করার জন্য কঠোরভাবে নির্দেশনা প্রদান করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট হিসাবে সমুদয় অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে ঋণ তহবিল অবক্ষয়ের মতো গর্হিত অপরাধ করার জন্য কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে অব্যাহতি প্রদানসহ সরকারী অর্থ আদায়ের জন্য আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মুহাম্মদ ইকবাল কবীর  
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা  
ইরেসপো, সদর, পিরোজপুর

  
মুহাম্মদ রাশেদুল আলম  
কর্মসূচি পরিচালক

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.১৫৯.১৩-৭৪২


তারিখঃ ১৩/১০/২০২১খ্রিঃ

অনুলিপিঃ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: খুলনা/পিরোজপুর।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: পাইকগাছা জেলা: খুলনা।  
(বর্ণিত অর্থ জমাদানের বিষয়টি নিশ্চিতপূর্বক প্রমাণক সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: পিরোজপুর সদর জেলা: পিরোজপুর।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি।

  
মুহাম্মদ মাহবুব আলম  
উপপ্রকল্প পরিচালক